

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 11-12-2025**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

- ১) পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন বা এস আই আর প্রক্রিয়ায় এন্যুমারেশন ফর্ম জমা দেওয়ার আজই শেষ দিন।
- ২) ভোটার তালিকা সংশোধন ও ভুল ভোটার খুঁজে বের করার লক্ষে বিশেষ নজরদারি শুরু করেছে নির্বাচন কমিশন।
- ৩) কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য জমি অধিগ্রহণের টাকা রাজ্য সরকারকে দেওয়া হলেও সেই জমি কেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রককে হস্তান্তর করা হয়নি, তা রাজ্যকে হলফনামা দিয়ে জানাতে বলেছে কলকাতা হাইকোর্ট।
- ৪) বহিষ্কৃত তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাজাহানের বিরুদ্ধে সাক্ষ্য দিতে যাওয়ার সময় ট্রাকের ধাক্কায় আহত ভোলানাথ ঘোষ আজ রাজবাড়ি আউটপোস্টে হত্যার চক্রান্তের অভিযোগ দায়ের করেছে শাজাহান সহ বেশ কয়েকজনের বিরুদ্ধে। ওই ঘটনায় ভোলানাথ ঘোষের ছোটো ছেলে ও গাড়ির চালক নিহত হন।
- ৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শ্রী শ্রী মা-সারদার ১৭৩-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর এর এন্যুমারেশন পর্ব আজ শেষ হচ্ছে। সর্বশেষ তথ্য অনুযায়ী এ পর্যন্ত রাজ্যে ৯৯ দশমিক ৯৬ শতাংশ ভোটারের এনইউমারেশন ফর্ম ডিজিটাইজ করা হয়েছে। অনুপস্থিত, মৃত, স্থানান্তরিত, একাধিক জায়গায় নাম থাকা ভোটারের সংখ্যা ৫৮ লক্ষের বেশি। তবে এনইউমারেশন পর্ব শেষ হলেও ঝাড়াই বাছাই এর কাজ এখনো চলবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। ১৬ই ডিসেম্বর প্রকাশিত হবে খসড়া ভোটার তালিকা। একটি প্রতিবেদন –

( ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের প্রস্তুতিতে রাজ্য এবং কেন্দ্র সরকারের বিভিন্ন দফতর ও সংস্থার সঙ্গে আজ সমন্বয় বৈঠক করেছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। রাজ্য সরকারের পাশাপাশি কেন্দ্রীয় সংস্থাগুলির মোট ২৫টি দপ্তরের কর্তারা বৈঠকে হাজির ছিলেন। রাজ্য পুলিশের মহানির্দেশক, কলকাতা পুলিশের কমিশনার, বিএসএফ, এসএসবি, সিআইএসএফ এবং আরপিএফ-এর উচ্চপদস্থ আধিকারিকদের পাশাপাশি ডাকা হয়েছিল এনফোর্সমেন্ট ডিরেক্টরের অধিকর্তাকেও। সিইও, বিভিন্ন দফতরের আধিকারিকদের কাছ থেকে প্রাক-নির্বাচনী তথ্য সংগ্রহ করেন। তিনি জানিয়েছেন, রুটিন সমন্বয় বৈঠক হলেও আসন্ন ভোটার প্রেক্ষিতে পরিস্থিতির আগাম মূল্যায়ন করতেই এদিন বিস্তৃত আলোচনা হয়েছে। রাজ্যের বিভিন্ন অঞ্চলে আইনশৃঙ্খলা এবং প্রশাসনিক প্রস্তুতি ঠিক কোথায় দাঁড়িয়ে, কোথাও অতিরিক্ত নজরদারি বা সতর্কতার প্রয়োজন আছে কি না, তাও খতিয়ে দেখা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পাঁচ রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলে এস আই আর-এর সময়সীমা বাড়ালেও এরাজ্যের ক্ষেত্রে তা অপরিবর্তিত থাকছে। আজ নির্বাচন কমিশনের তরফে একটি বিজ্ঞপ্তি

জারি করে জানানো হয়েছে, তামিলনাড়ু, গুজরাট, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, আন্দামান ও নিকোবর এবং উত্তরপ্রদেশে বাড়ছে এস আই আর-এর সময়সীমা।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকা সংশোধন এবং ভুয়ো ভোটার খুঁজে বের করার লক্ষে বিশেষ নজরদারি শুরু করেছে নির্বাচন কমিশন। কমিশনের অবজার্ভার কৃষ্ণ কুমার নিরালা আজ পূর্ব বর্ধমানের আউশ গ্রামে বিভিন্ন এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নথিপত্র মিলিয়ে দেখেছেন। সঙ্গে ছিলেন জেলা নির্বাচনী দফতরের একাধিক আধিকারিক। কোন অসঙ্গতি বা ভুলত্রুটি দেখা দিলে তাৎক্ষণিকভাবে সেগুলি চিহ্নিত করে সংশ্লিষ্ট আধিকারিককে নোট নেবার নির্দেশ দেন তিনি।

এদিকে, দক্ষিণ ২৪ পরগনার ফলতায় এস আই আর-এর অগ্রগতি খতিয়ে দেখতে গিয়ে আজ মহিলাদের বিক্ষোভের মুখে পড়েন বিশেষ পর্যবেক্ষক সি মরুগান। রাস্তা, আবাসের টাকা না পাওয়া নিয়েও প্রশ্ন তোলেন তারা। এর আগে ফলতা বিডিও অফিসে বেশকিছুক্ষণ প্রবীণ ভোটারদের তালিকা যাচাই করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে এসআইআর পর্ব চলাকালীন রাজ্যপাল সিভি আজ তাঁর ভোটার কার্ড কেরল থেকে পশ্চিমবঙ্গে স্থানান্তর করেছেন। তিনি রাজ্যের একজন ভোটার হিসেবে নিজের নাম অন্তর্ভুক্তির বিষয়ে নির্বাচন কমিশনের কাছে আবেদনও জানিয়েছেন। আজ লোক ভবনে ১৬২ চৌরঙ্গি এবং বিএলও সুপারভাইজারের সঙ্গে দেখা করে তিনি ভোটার কার্ড স্থানান্তরের জন্য নির্দিষ্ট আট নম্বর ফর্ম পূরণ করেন। রাজ্যপাল বলেন যে পশ্চিমবঙ্গ ও বাংলার মানুষের প্রতি তাঁর সবসময়ই গভীর আবেগজনিত টান রয়েছে। এই রাজ্যের মনন, শিল্প-সংস্কৃতি, ঐতিহ্য, সাহিত্য, গৌরবময় ইতিহাস এবং অনন্য ভবিষ্যৎ সম্ভাবনার সঙ্গে তিনি আত্মিক সম্পর্ক অনুভব করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি ফের ঋটিমুক্ত ভোটার তালিকা প্রকাশের দাবি জানিয়েছে। দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের জবাবে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, রাজ্যের শাসক দল প্রশাসনের একাংশের সাহায্যে বহু মৃত এবং স্থানান্তরিত ভোটারের নাম তালিকায় ঢুকিয়েছে।

(বাইট – সুকান্ত)

তিনি নির্বাচন কমিশনকে বিষয়গুলি যাচাই করে ঋটিমুক্ত ভোটার তালিকা তৈরির অনুরোধ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য জমি অধিগ্রহণের টাকা রাজ্য সরকারকে দেওয়া হলেও সেই জমি কেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রককে হস্তান্তর করা হয়নি, সেবিষয়ে রাজ্যকে হলফনামা দাখিলের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ভারত – বাংলাদেশ সীমান্তে ১৮১ কিলোমিটার জমি কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য রাজ্যকে টাকা দেওয়া হয়েছে বলে আদালতে কেন্দ্রীয় সরকার দাবি করেছে। কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চে এব্যাপারে রাজ্যের ভূমি অধিগ্রহণ দফতরের প্রিন্সিপাল সেক্রেটারিকে হলফনামা দাখিল করতে হবে।

উল্লেখ্য, মামলাকারির দাবি ভারত-বাংলাদেশ সীমান্তের মোট ২২-শো ১৬ কিলোমিটার সীমান্ত এলাকার মধ্যে ৩৭৮ কিলোমিটারে কাঁটাতারের বেড়া নেই। রাজ্যের তৎপরতার অভাবেই বকেয়া কাজ সম্পন্ন হচ্ছে না বলে মামলাকারী জানিয়েছেন। আগামী ২২-শে ডিসেম্বর মামলার পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০০

ওয়াকফ আইন বাতিলের দাবিতে প্রদেশ যুব কংগ্রেস আজ রাজভবন অভিযান করে। প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী এতে সামিল হন। মিছিল ধর্মতলা থেকে

রাজভবনের দিকে এগিয়ে গেলে পুলিশ ব্যারিগেড করে আটকে দেয়। পরে অধীরবাবুর নেতৃত্বে কংগ্রেসের একটি প্রতিনিধি দল রাজভবনে গিয়ে রাজ্যপালের কাছে স্মারকলিপি জমা দিয়েছেন। সাংবাদিকদের কাছে অধীর চৌধুরী বলেন, নতুন ওয়াকফ আইনে সংখ্যালঘুদের অধিকার খর্ব করা হচ্ছে।

( বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০

ইউনেস্কোর বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় আলোর উৎসব দীপাবলির অন্তর্ভুক্তি উদযাপন করতে আজ ভারতীয় যাদুঘর থেকে লোকভবন পর্যন্ত একটি মিছিলের আয়োজন করা হয়। দীপাবলি জ্যোতি মিছিল নামে এই পদযাত্রার নেতৃত্ব দেন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস। স্কুল পড়ুয়া, বিশিষ্টজন এবং বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন, বর্ণময় এই মিছিলে অংশ নেন। সন্ধ্যায় লোকভবনে পূর্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্র ইজেডসিসি-র উদ্যোগে দীপাবলি থিমে সাজানো বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজ্যপাল তাঁর ভাষণে বলে, দীপাবলি ঐতিহ্যবাহী এই তালিকায় জায়গা করে নেওয়ায় দেশের মানুষ গর্বিত।

(বাইট – রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০০

জেলা সফরে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ নদীয়ার কৃষ্ণনগরে এক সরকারী অনুষ্ঠান মঞ্চ থেকে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর মধ্যে রয়েছে, পথশ্রী ও রাস্তাশ্রী প্রকল্পের আওতায় ২০ হাজার কিলোমিটারের বেশি নতুন রাস্তা নির্মাণ প্রকল্প। সভা মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী ফের একবার কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগে সরব হন।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে বহিষ্কৃত তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাজাহানের বিরুদ্ধে সাক্ষ্য দিতে যাওয়ার সময় ট্রাকের ধাক্কায় মামলার সাক্ষী ভোলানাথ ঘোষের ছেলে ও গাড়ি চালকের মৃত্যুর ঘটনায় আজ রাজবাড়ি আউটপোস্টে অভিযোগ দায়ের হয়েছে। বসিরহাট কোর্টের আইনজীবীকে সঙ্গে নিয়ে আজ শেখ শাজাহান, ট্রাক চালক আলিম মোল্লা সহ একাধিক ব্যক্তির বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন ভোলানাথ। এই ঘটনায় তাকেই খুনের চক্রান্ত করা হয়েছিল বলে সাংবাদিকদের কাছে দাবি করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির ভাঙিপাড়া এলাকায় তিন বিজেপি কর্মী খুনের ঘটনার তদন্তে সিবিআই-এর চার সদস্যের একটি দল আজ সেখানে যায়। তারা ওই ঘটনায় নিহত প্রদীপ মন্ডলের স্ত্রী পদ্মা মন্ডলের সঙ্গে কথা বলেন। পাশাপাশি ওই দিনের ঘটনা প্রসঙ্গেও এলাকাবাসীর কাছে জানতে চান।

০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শ্রীশ্রী মা সারদার ১৭৩-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। উত্তর কলকাতার বাগবাজারে সারদা মায়ের বাড়িতে সকালে মঙ্গলারতি, বিশেষ পূজাপাট, হোম, বৈদিক মন্ত্র উচ্চারণের মধ্য দিয়ে জন্মতিথি উদযাপনের সূচনা হয়।

মা সারদার জন্মভিটে বাঁকুড়ার জয়রামবাটি মাতৃমন্দিরে এই উপলক্ষ্যে মানুষের ঢল নেমেছে। সকাল থেকেই মঙ্গলারতি, বেদ মন্ত্রপাঠ সহ নানান আয়োজনে মাকে প্রণাম জানাতে হাজির ভক্তরা। এই উপলক্ষ্যে দিনভর সারদা মায়ের মন্দিরে নানান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিশেষ পূজো, যজ্ঞ, আরতি, ভক্তিমূলক গান, বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান রয়েছে। শুরু হয়েছে সারদা মেলা।

এছাড়াও, বেলুড় মঠ, কামারপুকুর রামকৃষ্ণ মঠ ও মিশনের সব কেন্দ্রে, দক্ষিণেশ্বরে সারদা মঠেও দিনটি যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে। রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সারদা মায়ের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

oooooooooooooooooooooooooooo

নানা অনুষ্ঠানে আজ সুন্দরবন দিবস উদযাপন করা হচ্ছে। বিশ্বের অন্যতম বৃহৎ এই বাদাবন রক্ষা ও সংরক্ষণের অঙ্গীকারে প্রতি বছর ১১ ডিসেম্বর দিনটি পালন করা হয়।

একটি প্রতিবেদন –

( ভয়েসকাস্ট – অভিজিৎ )

oooooooooooooooooooooooooooo

উত্তরে বাতাস অবাধে প্রবেশ করায় আজ রাজ্য জুড়ে তাপমাত্রার পারদ আবার কিছুটা কমেছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ১ দশমিক ৪ ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ২ দশমিক ৬ ডিগ্রী কম।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo